কালের কণ্ঠ

তারিখ ... 26 APR 2017 ...
পৃ: ... ৬ ... কলাম ...

### ছয় হাজার স্কুল

# জাতীয়করণে বাজেটে বরাদ্দ চান শিক্ষকরা

নিজস্ব প্রতিবেদক ▷

ছয় হাজার বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণে আসছে বাজেটে বিশেষ বরাদ্দের দাবি জানিয়েছে বেসরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতি। গতকাল মঙ্গলবার জাতীয় প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলনে সংগঠনের পক্ষ থেকে এ দাবি জানানো হয়।

দাবি আদায়ে আগামী ৩ মে জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধন, ১৫ মে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি এবং ১০ জুলাই জাতীয় প্রেস ক্লাবে গোলটেবিল বৈঠক করার ঘোষণা দিয়েছে সংগঠনটি।

শিক্ষকরা জানান, ২০১৩ সালে সারা দেশে ২৬ হাজার ১৯৩টি প্রাথমিক স্কুল একযোগে জাতীয়করণ করে সরকার। কিন্তু তখন ছয় হাজার স্কুল এই প্রক্রিয়া থেকে বাদ পড়ে যায়। ২০১২ সালের প্রাথমিক সমাপনী পরীক্ষায় অংশগ্রহণকারী উপজেলা ও জেলা যাচাই-বাছাই কমিটি সুপারিশ করা অপেক্ষমাণ ছয় হাজার প্রাথমিক বিদ্যালয় এখনো বেসরকারিভাবে পরিচালিত হচ্ছে। ২০১৭-১৮ অর্থবছরের বাজেটে এসব শিক্ষাপ্রতিষ্ঠানকে জাতীয়করণের দাবি জানান তাঁরা।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং...
তারিখ...
... পরিসংখ্যান বিভাগ
... ডি.এল.পি বিভাগ
... এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
...
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর